# তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন

(জানুয়ারি-জুন ২০২৩)




সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

## ১. ভূমিকা

জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনের একটি অপরিহার্য উপাদান হলো কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (Corporate Social Responsibility)। CSR হল এক ধরনের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অন্তর্ভুক্ত করে। ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রমের ফলে উদ্ভূত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিদ্যমান ক্ষোভ, অসমতা ও দারিদ্র্য বিমোচন CSR এর উদ্দেশ্য। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১ জুন ২০০৮ তারিখে সর্বপ্রথম (DOS সার্কুলার নং-১: Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে CSR মূলধারাকে অন্তর্ভুক্ত করে CSR কার্যক্রমে অর্থ ব্যয়ের দিক-নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে CSR সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়। ১০ জুন ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার লেটার নং-৬ (Reporting CSR activities) অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে দেশের পরিবেশগত, সামাজিক, ন্যায়সংগত এবং টেকসই উন্নয়নের জন্য CSR কার্যক্রমকে সময়োপযোগী, অধিকতর সহজ ও গুরুত্বপূর্ণ এবং সুসংগঠিত করার নিমিত্ত ৯ জানুয়ারি ২০২২ তারিখের SFD সার্কুলার লেটার নং-১ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) সংক্রান্ত সর্বশেষ নীতিমালা জারি করা হয়েছে। আলোচ্য নীতিমালায় CSR-এর পরিধি, টেকসই CSR কার্যক্রম, CSR-এর আওতায় অর্থনৈতিক অন্তর্ভুক্তি ও সামাজিক দায়বদ্ধ অর্থায়ন (SRF) এবং নারীর ক্ষমতায়নের মত সময়োপযোগী বিষয়সমূহের উপর আলোকপাত করা হয়েছে। সর্বশেষ ১০ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত একটি Revised Reporting Format প্রণয়নপূর্বক দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।

## ২. CSR খাত ভিত্তিক বিভাজন ও ব্যয়ের হার

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) অনুযায়ী তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের কর-পরবর্তী নিট মুনাফার অংশ হতে CSR ব্যয় করতে পারবে। CSR ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। এছাড়া ৯ জুলাই ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। GBCSRD সার্কুলার লেটার নং-৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় আলাদাভাবে শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক কল্যাণ, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎস সৃষ্টিমূলক কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ৮টি খাতে CSR ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে SFD সার্কুলার নং-১, তারিখ ৯ জানুয়ারি ২০২২ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের মোট CSR বাজেট হতে শিক্ষাখাতে ৩০%, স্বাস্থ্যখাতে ৩০%, পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ২০% এবং অন্যান্য খাতে (আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য) ২০% ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, SFD সার্কুলার নং-০৬, তারিখ: ২৯ নভেম্বর ২০২২ এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের আকার বৃদ্ধির লক্ষ্যে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রতি বছর CSR খাতে বরাদ্দকৃত অর্থের ৫% হারে বর্ণিত তহবিলে অনুদান প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। অধিকন্তু, ২০২৩ সালে 'ক্যাশলেস বাংলাদেশ ২০২৩-২৭' উদ্যোগের অংশ হিসেবে Bangla QR এর মাধ্যমে জনসাধারণকে বিনামূল্যে পরিশোধ সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের Merchant Discount Rate (MDR) ও Interbank Reimbursement Fee (IRF) সংক্রান্ত চার্জ, ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় ক্যাম্পেইন সংক্রান্ত যাবতীয় প্রচারণা, এর মাধ্যমে পরিচালিত কুরবাণীর হাটের যাবতীয় পেমেন্ট ও অবকাঠামো সংশ্লিষ্ট ব্যয়সমূহ এবং Bangla QR এর প্রচারণা সংক্রান্ত ব্যয় CSR খাতে প্রদর্শনের নির্দেশনা প্রদান করা হয়।

## ৩.১ তফসিলি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম

বাংলাদেশে কার্যরত ৬১টি তফসিলি ব্যাংক কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-১ এবং লেখচিত্র-১ এ তুলে ধরা হলো:

### ছক-১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয়


পরিমাণ (কোটি টাকায়)

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | |
| | | ১ | ২ | ৩ | ৪.১ | ৪.২ | ৪.৩ | ৪.৪ | ৪.৫ | ৪ | ৫ |
| ১ | সোনালী ব্যাংক পিএলসি | ০.৭২১৫ | ০.০৭৭০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬৩০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬৩০ | **০.৮৬১৫** |
| ২ | জনতা ব্যাংক পিএলসি | ০.৫১৮৫ | ০.০৪০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.১২৪৩ | ০.০৬৩০ | ০.০০০০ | ০.৭৪২৪ | ১.৯২৯৭ | **২.৪৮৮২** |
| ৩ | অগ্রণী ব্যাংক লিমিটেড | ০.১৯৯৮ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪২০ | ০.০৪২০ | **০.২৪১৮** |
| ৪ | রূপালী ব্যাংক লিমিটেড | ০.১৯৯০ | ০.০৮৮০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬৩০ | ০.০১০০ | ০.০০৪০ | ০.০৭৭০ | **০.৩৬৪০** |
| ৫ | বেসিক ব্যাংক লিমিটেড | ০.০০৫৬ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১০০ | ০.০০০০ | ০.০৪৫২ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৫৫২ | **০.০৬০৮** |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড | ০.০২৭৫ | ০.০৩১৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১০০ | ০.০১০০ | **০.০৬৯০** |
| ৯ | প্রবাসী কল্যাণ ব্যাংক | ০.০৪৫০ | ০.০৮১০ | ০.০৫৮০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০১০ | ০.০০১০ | **০.১৮৫০** |
| ১০ | এবি ব্যাংক লিমিটেড | ০.১৩০০ | ০.০১৫০ | ২.০০০০ | ০.০০০০ | ০.১৩০০ | ০.০০০০ | ১.০০০০ | ০.০০০০ | ১.১৩০০ | **৩.২৭৫০** |
| ১১ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড | ৩.৭৫০০ | ২৪.১১০০ | ৪.০০৫০ | ০.০০০০ | ১০.৫৮০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১০.৫৮০০ | **৪২.৪৪৫০** |
| ১২ | ব্যাংক এশিয়া লিমিটেড | ১.৩১৩০ | ২১.৫৩৫০ | ৪.০০০০ | ০.০০০০ | ০.৮৪১০ | ০.০৪০০ | ০.০০০০ | ০.০৪৩০ | ০.৯২৪০ | **২৭.৭৭২০** |
| ১৩ | বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ১৪ | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৫০০০ | ০.৫০০০ | **০.৫০০০** |
| ১৫ | ব্র্যাক ব্যাংক লিমিটেড | ১.০১৫৪ | ০.৬৯০৩ | ০.৬২৭০ | ০.০০০০ | ০.১২৭৪ | ৪.০০০০ | ০.০০৫০ | ০.২৮৮৩ | ৪.৪২০৭ | **৬.৭৫৩৪** |
| ১৬ | সিটিজেনস্ ব্যাংক পিএলসি | ০.০০০০ | ০.০০০০ | ০.২৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.২৫০০** |
| ১৭ | কমিউনিটি ব্যাংক লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** |
| ১৮ | ঢাকা ব্যাংক লিমিটেড | ০.১৮৯০ | ১.৫০৫০ | ০.০০০০ | ০.০০০০ | ৪.০০০০ | ০.০০০০ | ২.৪০০০ | ০.০১১২ | ৬.৪১১২ | **৮.১০৫২** |
| ১৯ | ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড | ২৩.২৩০০ | ২৯.৪৯০০ | ৭.২০০০ | ০.০০০০ | ০.০৬০০ | ০.০৪০০ | ১.০০০০ | ০.৩০০০ | ১.৪০০০ | **৬১.৩২০০** |
| ২০ | ইস্টার্ণ ব্যাংক পিএলসি | ৩.০৬০০ | ১৭.৫১০০ | ০.০১০০ | ০.০০০০ | ০.০৬২৪ | ০.০০০০ | ১.৭৫০০ | ০.০৪৩১ | ১.৮৫৫৫ | **২২.৪৩৫৫** |
| ২১ | এক্সিম ব্যাংক লিমিটেড | ৯.২৮০০ | ১১.১৫০০ | ৪.০০০০ | ০.০০০০ | ০.৪২০০ | ০.০০০০ | ৩.৪৫০০ | ০.৬৮০০ | ৪.৫৫০০ | **২৮.৯৮০০** |
| ২২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড | ০.৬০০০ | ০.৫৮০০ | ৪.০২০০ | ০.০০০০ | ৫.১৭০০ | ০.০০০০ | ১.২৫০০ | ০.০০০০ | ৬.৪২০০ | **১১.৬২০০** |
| ২৩ | আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড | ০.০২৯৬ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০২৯৬** |
| ২৪ | আইএফআইসি ব্যাংক পিএলসি | ১.৮৫০০ | ০.২৪৪৮ | ০.০০০০ | ০.০০০০ | ০.১২২২ | ০.০৪০০ | ০.৩২২২ | ০.০০০০ | ০.৪৮৪৫ | **২.৫৭৯৩** |
| ২৫ | ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি | ৫.০১০০ | ২৫.০৩০০ | ৪.০১০০ | ০.০০০০ | ১১.২০৩০ | ০.০৪০০ | ১.০০০০ | ০.৪২০০ | ১২.৬৬৩০ | **৪৬.৭১৩০** |
| ২৬ | যমুনা ব্যাংক লিমিটেড | ২.৯৫০০ | ৭.৩৪০০ | ০.৩৮০০ | ০.০০০০ | ৬.০২০০ | ২০.৯২০০ | ০.০৮০০ | ০.৩৫০০ | ২৭.৩৭০০ | **৩৮.০৪০০** |
| ২৭ | মেঘনা ব্যাংক লিমিটেড | ০.০১০০ | ০.০২৭০ | ০.০১০০ | ০.০০০০ | ০.৩৭৬৪ | ০.৫১০০ | ০.৩০৩০ | ০.০০০০ | ১.১৮৯৪ | **১.২৩৬৪** |
| ২৮ | মার্কেন্টাইল ব্যাংক পিএলসি | ০.৯৮০০ | ৪.৬৪০০ | ৪.০৪০০ | ০.০০০০ | ১৭.৭৯০০ | ০.০০০০ | ১.৭০০০ | ৬.০৪০০ | ২৫.৫৩০০ | **৩৫.১৯০০** |
| ২৯ | মিডল্যান্ড ব্যাংক লিমিটেড | ০.০২৫০ | ০.০১০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.০০০০ | **১.০৩৫০** |
| ৩০ | মধুমতি ব্যাংক লিমিটেড | ০.৪১০০ | ০.৩৩৫৬ | ১.০০০০ | ০.০০০০ | ১.৫২৬০ | ০.০০০০ | ১.১৫৩০ | ০.১০০০ | ২.৭৭৯০ | **৪.৫২৪৬** |
| ৩১ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড | ০.৯১০০ | ০.৩২০০ | ০.১৯০০ | ০.০০০০ | ১.৪৬০০ | ৪.০০০০ | ০.০৮০০ | ০.১৫০০ | ৫.৬৫০০ | **৭.০৭০০** |
| ৩২ | ন্যাশনাল ব্যাংক লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.৫০০০ | ০.০০০০ | ৪.০০০০ | ০.০১০০ | ০.০৪০০ | ৫.৫৫০০ | **৫.৫৫০০** |
| ৩৩ | এনসিসি ব্যাংক লিমিটেড | ০.০৭১০ | ২০.১১৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৮৭৫৫ | ৪.০০০০ | ১.০০০০ | ০.০০০০ | ৫.৮৭৫৫ | **২৬.০৬১৫** |
| ৩৪ | এনআরবি ব্যাংক লিমিটেড | ০.৩১১৮ | ০.০২০০ | ০.০০০০ | ০.০০০০ | ৫.২২৮০ | ০.০০০০ | ০.১০০০ | ১.০৩৮৩ | ৬.৩৬৬৩ | **৬.৬৯৮১** |

## ছক-১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয়

পরিমাণ (কোটি টাকায়)

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | |
| | | ১ | ২ | ৩ | ৪.১ | ৪.২ | ৪.৩ | ৪.৪ | ৪.৫ | ৪ | ৫ |
| ৩৫ | এনআরবিসি ব্যাংক পিএলসি | ০.৬৮৪৪ | ০.৫১৭৫ | ১.০১০০ | ০.০৭০০ | ১.৫৮১০ | ০.০০০০ | ০.৬৭০০ | ১.০৬৯৪ | ৩.৩৯০৪ | ৫.৬০২৩ |
| ৩৬ | গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি | ০.০৩১৫ | ০.০২৪৫ | ০.০০০০ | ০.০০০০ | ১.০৯০০ | ০.০০০০ | ০.০১৩০ | ০.০০২৩ | ১.১০৫৩ | ১.১৬১৩ |
| ৩৭ | ওয়ান ব্যাংক লিমিটেড | ০.৩৫০০ | ০.২৭৩৬ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২৪২ | ৪.০০০০ | ০.০০০০ | ০.০৭৯৫ | ৪.১০৩৭ | ৪.৭২৭৩ |
| ৩৮ | পদ্মা ব্যাংক লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৩৯ | প্রাইম ব্যাংক লিমিটেড | ৩.০৬০০ | ২.৭৬০০ | ০.১০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৪.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৪.০০০০ | ৯.৯২০০ |
| ৪০ | পূবালী ব্যাংক লিমিটেড | ৪.৪২০০ | ৫.৩৭৩৩ | ০.১০০০ | ০.০০০০ | ০.০৪৯০ | ০.০০০০ | ০.৭৮৫০ | ০.৪৯০০ | ১.৩২৪০ | ১১.২১৭৩ |
| ৪১ | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড | ০.৩২০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২০০ | ১.০০০০ | ১.৫০০০ | ০.০৪০০ | ২.৫৬০০ | ২.৯৩০০ |
| ৪২ | শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড | ১২.২৯০০ | ১৩.৮৮০০ | ৪.২৬০০ | ০.৪১০০ | ৬.২৭০০ | ০.০০০০ | ১.৬০০০ | ০.০৪০০ | ৮.৩২০০ | ৩৮.৭৫০০ |
| ৪৩ | সীমান্ত ব্যাংক লিমিটেড | ০.২৮৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২৮৫০ |
| ৪৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড | ২.৯২৬৫ | ১.৮৯৯৩ | ০.০০০০ | ০.০০০০ | ০.৩৭৫০ | ০.০০০০ | ১.০০০০ | ০.০২৬৫ | ১.৪০১৫ | ৬.২২৭৩ |
| ৪৫ | সাউথইস্ট ব্যাংক লিমিটেড | ০.৪৭০০ | ০.৪৮০০ | ০.০৪০০ | ০.০০০০ | ৬.০১০০ | ০.০০০০ | ২.৫১০০ | ০.০৩০০ | ৮.৫৫০০ | ৯.৫৪০০ |
| ৪৬ | স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড | ০.৫৪০০ | ০.২৪০০ | ০.০১০০ | ০.০০০০ | ০.০২০০ | ০.০০০০ | ১.২৫০০ | ৪.৪০০০ | ৫.৬৭০০ | ৬.৪৬০০ |
| ৪৭ | দি সিটি ব্যাংক লিমিটেড | ০.৩০০০ | ১.৬৭০০ | ০.০২০০ | ০.০০০০ | ০.০০১৫ | ৪.০০০০ | ০.০৪০০ | ০.০৬০০ | ৪.১০১৫ | ৬.০৯১৫ |
| ৪৮ | দ্যা প্রিমিয়ার ব্যাংক লিমিটেড | ০.০৩০০ | ০.০৩৫০ | ৪.০০০০ | ০.০০০০ | ১৩.৬৬৮০ | ০.০০০০ | ১.২৫০০ | ০.০০০০ | ১৪.৯১৮০ | ১৮.৯৮৩০ |
| ৪৯ | ট্রাস্ট ব্যাংক লিমিটেড | ০.৬২০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ২.৭৬০০ | ০.০৩০০ | ১.০০০০ | ০.০০০০ | ৩.৭৯০০ | ৪.৪৬০০ |
| ৫০ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি | ০.৭২০০ | ২০.২৮০০ | ০.০০০০ | ০.০০০০ | ৩.০২০০ | ০.০০০০ | ২.০৬০০ | ৪.০২০০ | ৯.১০০০ | ৩০.১০০০ |
| ৫১ | ইউনিয়ন ব্যাংক লিমিটেড | ০.১০৪০ | ১.০২৫৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.০০০০ | ০.৫০০০ | ০.১১১০ | ১.৬১১০ | ২.৭৪০৪ |
| ৫২ | উত্তরা ব্যাংক পিএলসি | ০.১৭০০ | ০.০০২০ | ৪.০০০০ | ০.০০০০ | ০.০১৭৭ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০২০ | ০.০১৯৭ | ৪.১৯১৭ |
| ৫৩ | ব্যাংক আলফালাহ্ লিমিটেড | ০.০৭৫০ | ০.০৮৩৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১৯৯ | ০.০১৯৯ | ০.১৭৮৩ |
| ৫৪ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.০৫০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১০০০ |
| ৫৫ | সিটিব্যাংক এনএ | ০.০৬০৩ | ০.০৬০০ | ০.০৪০০ | ০.০০০০ | ০.০৬০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬০০ | ০.২২০৩ |
| ৫৬ | হাবিব ব্যাংক লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০৮ | ০.০০০০ | ০.০০৬২ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৬২ | ০.০০৬৯ |
| ৫৭ | এইচএসবিসি লিমিটেড | ২.৯৯০০ | ০.৮০০০ | ০.২৫০০ | ০.০০০০ | ০.০৬০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬০০ | ৪.১০০০ |
| ৫৮ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৫৯ | স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া | ০.০০৭৯ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২৪৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৭৫৫ | ০.১০০০ | ০.১০৭৯ |
| ৬০ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ২.৮২৭৬ | ২.১২৩১ | ০.২১৮৫ | ২.৯৩৮১ | ২.৫৬১২ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৫.৪৯৯৩ | ১০.৬৬৮৫ |
| ৬১ | উরি ব্যাংক | ০.০১৫০ | ০.০০৮০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২৩০ |
| | সর্বমোট | ৯০.১৮৮৯ | ২১৬.৬৭০৩ | ৪৯.৮৪৯৩ | ৪.৯২৮১ | ১০৪.৭৩৪৫ | ৫২.৮৫৪২ | ৩০.৭৫১২ | ২১.২৬৯৩ | ২১৪.৫৩৭৩ | ৫৭১.২৪৫৮ |
| | শতকরা হার (%) | ১৫.৭৯% | ৩৭.৯৩% | ৮.৭৩% | ০.৮৬% | ১৮.৩৩% | ৯.২৫% | ৫.৩৮% | ৩.৭২% | ৩৭.৫৬% | ১০০.০০% |




**লেখচিত্র-১: জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিতে ব্যাংকসমূহের খাতওয়ারি CSR ব্যয়**

ছক-১ ও লেখচিত্র-১ এ প্রদর্শিত তথ্য এবং জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:

- আলোচ্য ষান্মাসিকে দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মোট CSR ব্যয় প্রায় টাঃ৫৭১.২৫ কোটি (পাঁচশত একাত্তর কোটি পঁচিশ লক্ষ টাকা) মাত্র; তন্মধ্যে -
  - শিক্ষাখাতে ব্যয় টাঃ৯০.১৯ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১৫.৭৯%।
  - স্বাস্থ্যখাতে ব্যয় টাঃ২১৬.৬৭ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৩৭.৯৩%।
  - পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয় টাঃ৪৯.৮৫ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৮.৭৩%।
  - এবং অন্যান্য খাতসমূহে ব্যয় টাঃ২১৪.৫৪ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৩৭.৫৬%।
- তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে স্বাস্থ্যখাতে এবং সর্বনিম্ন ব্যয় করা হয়েছে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে।
- এ ষান্মাসিকে স্বাস্থ্যখাতে মূলত ব্যক্তি পর্যায়ে হতদরিদ্র/অসহায়/সুবিধাবঞ্চিত/প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, ক্লিনিক্যাল সেবা প্রদান, বিনামূল্যে চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সামগ্রী বিতরণ এবং বিভিন্ন দুরারোগ্য/জটিল ব্যাধিতে আক্রান্ত মানুষের চিকিৎসার্থে ব্যাংকসমূহ কর্তৃক CSR বাবদ সরাসরি অনুদান প্রদান করা হয়েছে। তাছাড়া, হাসপাতাল/ক্লিনিক নির্মাণ, হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের পরিচালন ব্যয় নির্বাহ এবং চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় বাবদ অনুদান প্রদান করা হয়েছে।
- শিক্ষাখাতের ব্যয় পর্যালোচনায় দেখা যায়, ব্যাংকসমূহ কর্তৃক বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানকল্পে CSR ব্যয় করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদান এবং শিক্ষাখাতের অবকাঠামো উন্নয়নেও CSR ব্যয় করা হয়েছে। আরও উল্লেখ্য, বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলেও অনুদান প্রদান করেছে।
- পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতের আওতায় বৃক্ষরোপণ অভিযান পরিচালনাসহ জলবায়ু শরণার্থী ও ভূমিহীন মানুষের সাহায্যার্থে ‘প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প-২’ সংক্রান্ত তহবিলে অনুদান প্রদান করা হয়েছে।

- অন্যান্য খাতের আওতায় আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য উপখাতে CSR ব্যয় নির্বাহ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা উপখাতে মোট টাঃ১০৪.৭৩ কোটি CSR ব্যয় করা হয়েছে; তন্মধ্যে দেশের শীত প্রধান অঞ্চলের শীতার্ত ও দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণার্থে টাঃ৪৭.৩৩ কোটি 'প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল' এ অনুদান হিসেবে প্রদান করা হয়েছে, যা মোট CSR ব্যয়ের ৮.২৮%।

## ৩.২ ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয়

জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে ব্যাংক এর ধরণ অনুযায়ী CSR ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ ও লেখচিত্র-২ এ উল্লেখ করা হলো:

**ছক-২: ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয় (কোটি টাকায়)**

| ব্যাংকের ধরণ | মোট ব্যয় | শতকরা হার (%) |
|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬টি) | ৪.০৯ | ০.৭২% |
| বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (৩টি) | ০.১৯ | ০.০৩% |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৪৩টি) | ৫৫১.৫৭ | ৯৬.৫৬% |
| বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯টি) | ১৫.৪০ | ২.৭০% |
| সর্বমোট (৬১টি) | **৫৭১.২৫** | **১০০.০০%** |

আলোচ্য ষান্মাসিকে দেশের ৬টি রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ সমন্বিতভাবে টাঃ৪.০৯ কোটি (চার কোটি নয় লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ০.৭২%। অন্যদিকে, বিশেষায়িত ব্যাংকসমূহের CSR ব্যয় নগণ্য। ৪৩টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৪০টি ব্যাংক জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে টাঃ৫৫১.৫৭ কোটি (পাঁচশত একান্ন কোটি সাতান্ন লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ৯৬.৫৬%। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, কমিউনিটি ব্যাংক লিমিটেড এবং পদ্মা ব্যাংক লিমিটেড আলোচ্য ষান্মাসিকে কোনরূপ CSR ব্যয় করেনি। অপরদিকে, ৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৮টি ব্যাংক টাঃ১৫.৪০ কোটি (পনের কোটি চল্লিশ লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ২.৭০%। বিদেশি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান কোনরূপ CSR ব্যয় করেনি।

## ৩.৩ ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংকের CSR কার্যক্রম ছক-৩ এ তুলে ধরা হলো:

**ছক-৩: ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয়**

| ক্রম | ইসলামী ব্যাংকসমূহের নাম | জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | ২০২২ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি | ৪৬.৭১ | ০.০০ | ৪৬.৭১ |
| ২ | আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড | ০.০২৯৬ | ০.০০ | ০.০২৯৬ |
| ৩ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড | ৪২.৪৫ | ১.৫২ | ৪০.৯৩ |
| ৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড | ৬.২৩ | ০.০০ | ৬.২৩ |
| ৫ | স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড | ৬.৪৬ | ৬.৪৬ | ০.০০ |
| ৬ | এক্সিম ব্যাংক লিমিটেড | ২৮.৯৮ | ১৩.৫২ | ১৫.৪৬ |
| ৭ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড | ১১.৬২ | ১১.৬২ | ০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড | ৩৮.৭৫ | ০.০৩ | ৩৮.৭২ |
| ৯ | ইউনিয়ন ব্যাংক লিমিটেড | ২.৭৪ | ২.৭৪ | ০.০০ |
| ১০ | গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি | ১.১৬ | ১.১৬ | ০.০০ |
| | **সর্বমোট** | **১৮৫.১৩** | **৩৭.০৫** | **১৪৮.০৮** |
| | **শতকরা হার (%)** | **১০০.০০%** | **২০.০১%** | **৭৯.৯৯%** |

ছক-৩ পর্যলোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (Compensation Realized A/C, doubtful income, যাকাত ফান্ড, অন্যান্য ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।
- এক্ষেত্রে বর্ণিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয় টাঃ১৮৫.১৩ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ৩২.৪১%)।
- ২০২২ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ৩৭.০৫ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ২০.০১%)।
- নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ১৪৮.০৮ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৭৯.৯৯%)।

## ৩.৪ বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে বাংলাদেশে কার্যরত ৯টি বিদেশি ব্যাংক CSR কার্যক্রম ছক-৪ এ তুলে ধরা হলো:

**ছক-৪: বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয়**

| ক্রম | বিদেশি ব্যাংকসমূহের নাম | জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) | ২০২২ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) | নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ব্যাংক আলফালাহ্ লিমিটেড | ০.১৮ | ০.০৯ | ০.০৮ |
| ২ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.১০ | ০.১০ | ০.০০ |
| ৩ | সিটিব্যাংক এন.এ | ০.২২ | ০.২২ | ০.০০ |
| ৪ | হাবিব ব্যাংক লিমিটেড | ০.০১ | ০.০০ | ০.০১ |
| ৫ | এইচএসবিসি | ৪.১০ | ৪.১০ | ০.০০ |
| ৬ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.১১ | ০.১১ | ০.০০ |
| ৮ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ১০.৬৭ | ১০.৬৭ | ০.০০ |
| ৯ | উরি ব্যাংক | ০.০২ | ০.০২ | ০.০০ |
| | **সর্বমোট** | **১৫.৪০** | **১৫.৩১** | **০.০৯** |
| | **শতকরা হার (%)** | **১০০.০০%** | **৯৯.৪১%** | **০.৬২%** |


ছক-৪ পর্যলোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে ৯টি বিদেশি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (বিদেশি অনুদান, যাকাত ফান্ড ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।
- এক্ষেত্রে বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয় টাঃ১৫.৪০ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ২.৭০%)।
- ২০২২ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ১৫.৩১ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৯৯.৪১%), এবং
- নিট মুনাফা ব্যতীত বিভিন্ন উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ০.০৯ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ০.৬২%)।

## ৩.৫ ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ

জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় টাঃ৫৭১.২৫ কোটি (পাঁচশত একাত্তর কোটি পঁচিশ লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় ছিল প্রায় টাঃ৫১৩.৭৬ কোটি (পাঁচশত তেরো কোটি ছিয়াত্তর লক্ষ টাকা) মাত্র। জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকের তুলনায় টাঃ৫৭.৪৯ কোটি (সাতান্ন লক্ষ উনপঞ্চাশ টাকা মাত্র) বা ১১.১৯% বেশি।

ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৩ এবং জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র লেখচিত্র-২ এর মাধ্যমে উপস্থাপন করা হলো:




**লেখচিত্র-২: জানুয়ারি-জুন ২০২৩ এবং জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিক ভিত্তিতে ব্যাংকসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনা**

লেখচিত্র-২ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:

- জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকের তুলনায় স্বাস্থ্য, শিক্ষা এবং পরিবেশ ও জলবায়ু পরিবর্তন জনিত প্রশমন-অভিযোজন খাতে CSR ব্যয়ের পরিমাণ উল্লেখ্যযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।
- অন্যদিকে, আলোচ্য ষান্মাসিকে অন্যান্য খাতে CSR ব্যয়ের পরিমাণ পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় উল্লেখ্যযোগ্য হারে হ্রাস পেয়েছে।

## ৪.১ জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR কার্যক্রম

বাংলাদেশে কার্যরত ৩৫টি আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৫ এবং লেখচিত্র-৩ এ তুলে ধরা হলো :

## ছক-৫: আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয়


পরিমাণ (কোটি টাকায়)

| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | |
| | | ১ | ২ | ৩ | ৪.১ | ৪.২ | ৪.৩ | ৪.৪ | ৪.৫ | ৪ | ৫ |
| ১ | অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড | ০.০১৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১৫০ |
| ২ | আভিভা ফাইন্যান্স লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৩ | বাংলাদেশ ফাইন্যান্স লিমিটেড | ০.০৭০০ | ০.০১৭৫ | ০.০১০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৪৫ | ০.০০৫০ | ০.০০০০ | ০.০০৯৫ | ০.১০৭০ |
| ৪ | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (BIFC) | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৫ | বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লিমিটেড (BIFFL) | ০.০৩৫০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৩৮ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৩৮ | ০.০৮৮৮ |
| ৬ | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৭ | সিভিসি ফাইন্যান্স লিমিটেড | ০.০০০০ | ০.০১৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪৬০ | ০.০০০০ | ০.০৪৬০ | ০.০৬১০ |
| ৮ | ডিবিএইচ ফাইন্যান্স পিএলসি | ০.০৪৪৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০২৩ | ০.০০২৩ | ০.০৪৬৮ |
| ৯ | ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১০ | এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১১ | ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১২ | জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৩ | হজ্ব ফাইন্যান্স কোম্পানী লিমিটেড | ০.০০০০ | ০.০০০৩ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০৩ |
| ১৪ | আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড | ০.৮৭০০ | ০.০১০০ | ০.০৭০০ | ০.০০০০ | ০.০৬০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬০০ | ১.০১০০ |
| ১৫ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (IIDFC) | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৬ | ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (IDCOL) | ০.০৫০০ | ০.০৩৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৮৫০ |
| ১৭ | ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৮ | আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড | ০.২৭৬৩ | ০.১০৫০ | ০.০১২৪ | ০.০০১৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৯৯০ | ০.০৫৪১ | ০.১৫৪৬ | ০.৫৪৮৩ |
| ১৯ | ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (IFIL) | ০.০৩০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪৪৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৫০ | ০.০৪৯৫ | ০.০৭৯৫ |
| ২০ | লংকাবাংলা ফাইন্যান্স পিএলসি | ০.০৯৫০ | ০.৯৪০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৮৫৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৮৫৪ | ১.২২০৪ |
| ২১ | এ্যালায়েন্স ফাইন্যান্স পিএলসি | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২২ | মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৩ | মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড | ০.০১০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৩১৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৩১৫ | ০.০৪১৫ |
| ২৪ | ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড | ০.০০০০ | ০.০০৮২ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৮২ |
| ২৫ | ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৬ | পিপলস্ লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৭ | ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৮ | প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৯ | প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৩০ | সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (SABINCO) | ০.০০৭৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৭৫ |

**ছক-৫: আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিক CSR ব্যয়**

পরিমাণ (কোটি টাকায়)

| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | |
| | | ১ | ২ | ৩ | ৪.১ | ৪.২ | ৪.৩ | ৪.৪ | ৪.৫ | ৪ | ৫ |
| ৩১ | স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লিমিটেড | ০.০০১০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০১০ |
| ৩২ | দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (UBICO) | ০.০৩০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৩০০ |
| ৩৩ | ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৩৪ | ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড | ০.০১৮৬ | ০.০৫৩০ | ০.০৬০০ | ০.০০০০ | ০.০১০৬ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০২০ | ০.০১২৬ | ০.১৪৪২ |
| ৩৫ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| সর্বমোট | | ১.৫৫২৮ | ১.২৩৪০ | ০.১৫২৪ | ০.০৪৬০ | ০.২৯১৩ | ০.০০৪৫ | ০.১৫০০ | ০.০৬৩৪ | ০.৫৫৫২ | ৩.৪৯৪৪ |
| শতকরা হার (%) | | ৪৪.৪৪% | ৩৫.৩১% | ৪.৩৬% | ১.৩২% | ৮.৩৪% | ০.১৩% | ৪.২৯% | ১.৮১% | ১৫.৮৯% | ১০০.০০% |




**লেখচিত্র-৩: জানুয়ারি-জুন ২০২৩ ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি CSR ব্যয়**

ছক-৫ ও লেখচিত্র-৩ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:


- আর্থিক প্রতিষ্ঠানসমূহ জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে CSR খাতে মোট টাঃ৩.৪৯ কোটি (তিন কোটি উনপঞ্চাশ লক্ষ টাকা) মাত্র ব্যয় করেছে; তন্মধ্যে -
    - শিক্ষাখাতে ব্যয় টাঃ১.৫৫ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৪৪.৪৪%।
    - স্বাস্থ্যখাতে ব্যয় টাঃ১.২৩ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৩৫.৩১%।
    - পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয় টাঃ০.১৫ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৪.৩৬%।
    - এবং অন্যান্য খাতসমূহে ব্যয় টাঃ০.৫৬ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১৫.৮৯%।

- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে শিক্ষাখাতে এবং সর্বনিম্ন ব্যয় করা হয়েছে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে।

## ৪.২ ষান্মাসিক ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র

জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় টাঃ৩.৪৯ কোটি (তিন কোটি উনপঞ্চাশ লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, পূর্ববর্তী ষান্মাসিকে (জুলাই-ডিসেম্বর ২০২২) আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় ছিল টাঃ৪.০৩ কোটি (চার কোটি তিন লক্ষ টাকা) মাত্র। পর্যালোচনান্তে দেখা যায়, চলতি ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় টাঃ০.৫৪ কোটি (চুয়ান্ন লক্ষ টাকা) মাত্র বা ১৩.৪০% কম।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন ২০২৩ এবং জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিক ভিত্তিক CSR এর খাতওয়ারি এবং মোট তুলনামূলক ব্যয় লেখচিত্র-৪ এ উপস্থাপন করা হল:




**লেখচিত্র-৪: জানুয়ারি-জুন ২০২৩ এবং জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিক ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনা**

লেখচিত্র-৪ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:

- জানুয়ারি-জুন ২০২৩ ষান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকের তুলনায় শিক্ষা খাতে CSR ব্যয়ের পরিমাণ উল্লেখ্যযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।
- অন্যদিকে, আলোচ্য ষান্মাসিকে স্বাস্থ্য, পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন এবং অন্যান্য খাতে CSR ব্যয়ের পরিমাণ পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় হ্রাস পেয়েছে।

## উপসংহার

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) সারাবিশ্বে '*Triple Bottom Line Framework*' বা তিনস্তর ভিত্তিক কাঠামো হিসেবে খ্যাত, যা অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত কর্মকাণ্ডের মাধ্যমে স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণে অবদান রাখে। CSR কেবল জনহিতৈষী কর্মকাণ্ডে সীমাবদ্ধ নয়; এর পরিধি টেকসই উন্নয়নমূলক কর্মকাণ্ডেও বিস্তৃত। কাজেই, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানমূহ দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের পাশাপাশি জাতীয় অর্থনৈতিক অন্তর্ভুক্তি কৌশল (NFIS) এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) সহ বিভিন্ন সরকারি ও আন্তর্জাতিক পরিকল্পনা বাস্তবায়নে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।